

## আগামী ৭ অক্টোবর অষ্ট্রেলিয়ান মুসলিম ওয়েলফেয়ার সেন্টারের বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হবে

অষ্ট্রেলিয়ান মুসলিম ওয়েলফেয়ার সেন্টারের বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হবে আগামী ৭ অক্টোবর রোজ রবিবার। মিন্টোস্ট ইকরা গ্রামার কলেজে (১০ বেনহ্যাম রোড, মিন্টো) বিকাল ৪টায় অনুষ্ঠিতব্য বার্ষিক সাধারণ সভার প্রথম পর্বে সাধারণ সম্পাদক ও কোষাধ্যক্ষের রিপোর্ট পেশ করা হবে এবং দ্বিতীয় পর্বে ২০১২-২০১৪ সালের জন্য নতুন কার্যকরি কমিটি নির্বাচন করা হবে। জনাব করিম ইকবালকে সংগঠন ইতিমধ্যেই রিটানিং অফিসার হিসেবে নির্বাচন করা হয়েছে। রিটানিং অফিসার স্বাক্ষরিত নির্বাচনী তফসিল পত্রিকা ও ই-মিডিয়ায় প্রকাশ করা হয়েছে এবং প্রতিটি আর্থিক সদস্য-সদস্যকে ডাকযোগে প্রেরণ করা হয়েছে। নির্বাচনী তফসিল অনুযায়ী ১৬ সেপ্টেম্বর থেকে কার্যকরি কমিটির ১৭টি পদের জন্য মনোনয়ন পত্র রিটানিং অফিসারের বাসভবন (১০২ মিন্টো রোড, মিন্টো) থেকে সংগ্রহ করা যাবে এবং প্রার্থীর স্বাক্ষর সহ অন্য দু'জন যোগ্য আর্থিক সদস্যের স্বাক্ষর সমেত মনোনয়ন পত্র রিটানিং অফিসারের নিকট জমা দিতে হবে। প্রার্থী মনোনয়ন পত্র জমা দেয়ার শেষ সময়সীমা হল ৪ অক্টোবর, ২০১২ বিকাল ৪ টা এবং প্রার্থীতা প্রত্যাহারের শেষ সময় সীমা হল বার্ষিক সাধারণ সভা শুরুর পূর্বে অর্থাৎ ৭ অক্টোবর বিকাল ৪টা। অষ্ট্রেলিয়ান মুসলিম ওয়েলফেয়ার সেন্টারের বার্ষিক সাধারণ সভায় সকল আর্থিক সদস্য-সদস্যকে উপস্থিত হওয়ার আহ্বান জানিয়েছে সাধারণ সম্পাদক ড. আনিচুল আফছার। এখানে উল্লেখ্য, বিশেষ কোনো কারণে কেউ যদি উপস্থিত হতে না পারেন তবে প্রসক্রি ফরম পূরণ করে সাধারণ সম্পাদক বরাবর পাঠানোর অনুরোধ করা হয়েছে।

## অষ্ট্রেলিয়ার মুসলিম ওয়েলফেয়ারের উদ্যোগে কুরবানীর ব্যবস্থা

আতিকুর রহমান ॥ বিগত বৎসরের ন্যায় এবারও অষ্ট্রেলিয়ান মুসলিম ওয়েলফেয়ার সেন্টার কুরবানীর ব্যবস্থা করেছে। ইসলামী শরীয়াহর নীতিমালা অনুযায়ী কুরবানী সহীহভাবে সম্পন্ন করার সুবিধার্থে এ কুরবানীর আয়োজন

করে থাকে। কুরবানীর পশুর বয়স গরু কমপক্ষে ২ বৎসর, ছাগল কমপক্ষে ১ বৎসর, ভেড়া ৬ মাস এবং আল্লাহর নামে কুরবানীর পশু জবাই করার সময় কুরবানী প্রদানের নাম উচ্চারণ সহ কুরবানীর শর্তগুলো পূরণের জন্য সংগঠনের প্রতিনিধি ছন্টার হাউজ ( Slaughter house) এ উপস্থিত থাকবেন। এ বৎসর কুরবানীর গরু, ছাগল ও ভেড়ার মূল্য ধরা হয়েছে প্রতি শেয়ার ১৪০ ডলার। কুরবানীর ফরম জমা দেয়ার শেষ তারিখ ২০ অক্টোবর ২০১২। কুরবানীর গোশত সংগ্রহের তারিখ ঈদের পরদিন অর্থাৎ ঈদ যদি ২৬ অক্টোবর শুক্রবার হয় গোশত পাওয়া যাবে ২৭ অক্টোবর শনিবার। আর যদি ঈদ ২৭ অক্টোবর শনিবার হয় তবে গোশত পাওয়া যাবে ৩০ অক্টোবর মঙ্গলবার। শনি ও রবিবার ছন্টার হাউস বন্ধ থাকার জন্য মঙ্গলবার গোশত দেয়া হবে। রাত ৮টা থেকে ১০ টা পর্যন্ত ১৩-১৭ ইঙ্গেলভিউ রোড মিন্টু থেকে গোশত সংগ্রহ করা যাবে। সংগঠনের যে কোন সদস্যের নিকট থেকে কুরবানীর ফরম সংগ্রহ করা যাবে। কুরবানীর সংক্রান্ত বিস্তারিত যোগাযোগ করতে পারেন কো-অর্ডিনেটর *Dr Abul Kashem* (Minto 98207005 /0401 831 382), *Dr Anisul Afsar* (Minto) 0402 398 419, *Hossain Arju* (Macquaire Fields) 0433 213 566, *Shah Alam Syed* (Ingleburn) 0401448767.

**অষ্ট্রেলিয়ান মুসলিম ওয়েলফেয়ার সেন্টারের উদ্যোগে সংগৃহীত জাকাত ও ফিতরার অর্থ মিয়ানমারে নির্যাতিত রোহিঙ্গা মুসলিমদের সহায়তায় প্রদান**  
আতিকুর রহমানঃ প্রতিবারের মত এবারও অষ্ট্রেলিয়ান মুসলিম ওয়েলফেয়ার সেন্টার জাকাত ও ফিতরার অর্থ সংগৃহীত করে। সংগঠনের কার্যকরী কমিটি মিয়ানমার সরকার কৃতক নির্যাতিত রোহিঙ্গা মুসলিমদের সহায়তা প্রদানের সিদ্ধান্ত নেয়। সেই মোতাবেক মিয়ানমারে সহায়তা প্রদানকারী সিডনীস্থ স্বেচ্ছাসেবী মুসলিম সংগঠন “মুসলিম এইড” এর মাধ্যমে অর্থ প্রদান করা

হয়েছে মুসলিম এইডের কেন্দ্রীয় কার্যালয়ে। গত ৬ সেপ্টেম্বর অস্ট্রেলিয়ান মুসলিম ওয়েলফেয়ার সেন্টারের সভাপতি জনাব মোফাজ্জল ভূইয়া সংগৃহীত চার হাজার ডলারের একটি চেক মুসলিম এইডের চেয়ারম্যান **Hassan Ahmed Elsetohy** নিকট হস্তান্তর করেন। এ চেক হস্তান্তর অনুষ্ঠানে মুসলিম এইডের কর্মকর্তাসহ সংগঠনের প্রচার সম্পাদক আতিকুর রহমান উপস্থিত ছিলেন। বিগত বৎসরগুলিতে অস্ট্রেলিয়ান মুসলিম ওয়েলফেয়ার সেন্টার ইতিপূর্বে জাকাত ও ফিতরা অর্থ বাংলাদেশের আনজুমানে মফিদুল ইসলাম ও সলিমুল্লাহ এতিমখানায় প্রেরণ করেছে।

